



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নৌপরিবহন মন্ত্রণালয়  
বাংলাদেশ মেরিন একাডেমি, সিলেট  
www.macademysylhet.gov.bd



সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আয়োজিত ত্রৈমাসিক (এপ্রিল-জুন: ২০২৬) সভার কার্যবিবরণী।

সভাপতি	:	মোঃ কালাম হোসেন চৌধুরী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বাংলাদেশ মেরিন একাডেমি, সিলেট।
সভার তারিখ	:	২১/০৪/২০২৬ খ্রি.
সময়	:	মঙ্গলবার বেলা ২.৩০ ঘটিকা।
সভার স্থান	:	বাংলাদেশ মেরিন একাডেমি, সিলেট এর কনফারেন্স রুম।
উপস্থিতির তালিকা	:	পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভায় আলোচ্যসূচীর আলোকে কার্যক্রম শুরু করার জন্য লেঃ কমাঃ আতিক আহমেদ খান, (জি), বিএন, সদস্য সচিবকে আহ্বান জানান। অতঃপর নিম্নরূপ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত হলো।

#### সভার আলোচ্যসূচিঃ

- ১। ক্যাডেট সংক্রান্ত বিষয়ে আলোচনা।
- ২। সিটিজেনস চার্টার ২০২৬ সালে ত্রৈমাসিক (এপ্রিল-জুন ২০২৬) সেবা প্রদান বিষয়ে আলোচনা।
- ৩। মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা-২০১৭ উপস্থাপন করেন।
- ৩। বিবিধ।


#### ১.০ আলোচনাঃ

মোঃ কালাম হোসেন চৌধুরী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বাংলাদেশ মেরিন একাডেমি, সিলেট সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন বিষয়ে দপ্তর প্রতিনিধিদের সমন্বয়ে এক অবহিতকরন সভা অনুষ্ঠিত হয়। সভাপতি আমন্ত্রিত কর্মকর্তাদের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ে উপস্থাপন করে বিস্তারিত অবহিত করার জন্য লেঃ কমাঃ আতিক আহমেদ খান, (জি), বিএন, সদস্য-সচিবকে এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অনুরোধ করেন। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিষয়ে সকল দপ্তর কর্মকর্তাগণকে বিস্তারিত অবহিত করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশনার আলোকে নিজস্ব দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ নিজস্ব দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন অবস্থা তুলে ধরে অভিমত ব্যক্ত করেন। সভাপতির অনুমোদনক্রমে লেঃ কমাঃ আতিক আহমেদ খান, (জি), বিএন, সদস্য-সচিবকে প্রণীত পূর্ণাঙ্গ খসড়া (সিটিজেন চার্টার) নমুনা আকারে সভায় উপস্থাপন করেন। সভায় প্রতিটি সেবা প্রদান প্রতিশ্রুতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

#### ২.০ সিদ্ধান্তসমূহঃ

- ১। সভায় অংশগ্রহণকারী প্রতিটি দপ্তর নিজ নিজ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পর্যালোচনা করবেন।
- ২। প্রতিটি দপ্তর নিজ নিজ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করবেন।

পরিশেষে সভাপতির উপস্থিত কর্মকর্তাগণকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

  
মোঃ কালাম হোসেন চৌধুরী  
সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক  
ফোকাল পয়েন্ট কর্মকর্তা,  
বাংলাদেশ মেরিন একাডেমি, সিলেট।

১। সকল শাখার প্রধানগণ।